দৈনিক ইত্তেফাক

তারিখ 01 DEC 1995
পৃষ্ঠা ... কলাম ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ১৬ জন ভুয়া ছাত্রের ভর্তি বাতিল

**আনোয়ার আল দীন ॥** জাল সীল-স্বাক্ষর এবং নকল নম্বরপত্র প্রদর্শন করিয়া অবৈধ প্রক্রিয়ায় ভর্তি হওয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অনার্স শ্রেণীর ১৬ জন ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল করা হইতেছে। অভিযুক্তদের ৫ জনের ভর্তি বাতিল সংক্রান্ত চিঠি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল (বৃহস্পতিবার) তাহাদের ঠিকানায় প্রেরণ করিয়াছে। পর্যায়ক্রমে অন্যদের নামেও অনুরূপ চিঠি প্রেরণ করা হইবে। ইহা লইয়া চলতি বছর একই অভিযোগে ভর্তি

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ভর্তি বাতিল

(১ম পৃঃ পর)

বাতিলকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা দাঁড়াইবে ১১৬ জনে। জানা গিয়াছে, বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য যে আটটি প্রক্রিয়া সম্পন্ন করিতে হয় অভিযুক্তরা সেই সকল ক্ষেত্রে জালিয়াতির আশ্রয় লইয়াছে। উহারা ভিসি, রেজিষ্ট্রার, ডীন, বিভাগীয় চেয়ারম্যান, হল প্রভোষ্ট, নিরীক্ষণ কর্মকর্তাসহ সকলের সীল ও স্বাক্ষর জাল করিয়াছে। নকল নম্বরপত্র প্রদর্শন করিয়াছে, এমনকি ব্যাংকে নির্ধারিত অঙ্কের টাকা জমা না দিয়াও বাহিরে ছাপানো ভুয়া পে-স্লীপ প্রদর্শন করিয়াছে। বিভিন্ন মাধ্যম হইতে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা উহাদের কাগজপত্র খতাইয়া এই জালিয়াতির প্রমাণ পান।

উল্লেখিত ১৬ জন ছাত্র-ছাত্রী বিভিন্ন বর্ষে পড়াশুনা করিতেছে এবং নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণ করিয়া আসিতেছে। অভিযুক্ত ছাত্রদের সকলেই এফ, রহমান হলে এবং ছাত্রীরা রোকেয়া হলে সংযুক্ত। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, অবৈধ পন্থায় ভর্তি হইয়াছে এই অভিযোগে আরও প্রায় অর্ধশত ছাত্র-ছাত্রীর কাগজপত্র খতাইয়া দেখা হইতেছে। গতকাল ভর্তি বাতিল সংক্রান্ত চিঠি যাহাদের নামে প্রেরণ করা হইয়াছে তাহারা হইতেছে: হিসাব বিজ্ঞান ২য় বর্ষের ছাত্রী তানিয়া রহিম, ব্যবস্থাপনা বিভাগের মনোয়ারুল ইসলাম, গাজী কামরুজ্জামান, আবদুল মতিন এবং মার্কেটিং বিভাগের মেহেদী হাবিব চৌধুরী।